

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২১.২৫

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৭

২২ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল (এ.টি) ঢাকা দায়েরকৃত মামলা নম্বর নং-৩৩০/২০২০ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ড. মোসাঃ আখতার বাবু আই.ডি নং-১৫৫০১, সহযোগী অধ্যাপক মনোবিজ্ঞান বিভাগ, ঢাকা কলেজ, ঢাকার পদোন্নতি ও সকল প্রকার বকেয়া বেতন-ভাতা ও অন্যান্য সকল পাওনাদি পরিশোধের বিষয়কে কেন্দ্র করে প্রশাসনিক ট্রাইব্যুনাল (এ.টি) নং-৩৩০/২০২০ মামলা ঢাকায় দায়ের করেন। উক্ত মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ ০৪ (চার) জন-কে বিবাদী করা হয়েছে। ট্রাইব্যুনালে বিবাদীগনকে লিখিত জবাব/আপত্তি সত্যপাঠসহ (যদি থাকে) ০২ (দুই) প্রস্থ ২৩/০৩/২০২০ ইং তারিখে মধ্যে অত্র প্রশাসনিক ট্রাইব্যুনালে দাখিল করার নির্দেশনা রয়েছে।

২। যেহেতু প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল (এ.এ.টি) ঢাকা দায়েরকৃত মামলা নম্বর নং-৩৩০/২০২০ মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে বিবাদী করা হয়েছে সেহেতু সচিব মহোদয়ের পক্ষ থেকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) প্রশাসনিক ট্রাইব্যুনাল (এ.টি) মামলা নং- ৩৩০/২০২০ এর বিষয় সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা।
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।
- (গ) ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা /প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।
- (ঘ) আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

২২-২-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ০১৭১২ ৭৪ ৯৯ ৭৪

ইমেইল:

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২১.২৫/১(৫)

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৭
২২ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২২-২-২০২১

মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব